শিক্ষার্থী ঋণ গ্রহীতার অধিকার বিল

নিউ ইয়র্ক স্টেট-এর সকল শিক্ষার্থী ঋণ গ্রহীতার যে অধিকার আছে:

1. নিউ ইয়র্কের স্কুলগুলি থেকে বিস্তারিত আর্থিক সাহায্য প্রদানের পত্র।
2. ঋণের শর্তের স্পষ্ট, যথাযথ ও সম্পূর্ণ তথ্য।
3. উপলভ্য যেকোনো ঋণ পরিশোধের পরিকল্পনা ও বিকল্পগুলি সম্বন্ধে তথ্য।
4. উপলভ্য যেকোনো ঋণ ভারমুক্তি, ক্ষমা ও খারিজ করার প্রক্রিয়া পাওয়া যায় তার তথ্য।
5. আপনার অ্যাকাউন্টে প্রযোজ্য ঋণ শোধের পদ্ধতি যা কিনা আপনার জন্য সবথেকে সুবিধাজনক।
6. ওয়াকিবহাল গ্রাহক পরিষেবা প্রতিনিধি যারা আপনার সাথে সম্মানজনক ও নিরপেক্ষ আচরণ করেন।
7. ঋণ অ্যাকাউন্টের বিস্তারিত ইতিহাস যা অনলাইনে সহজে ও নিরাপদভাবে পাওয়া যায়।
8. যদি কোনো নতুন সংস্থা আপনাকে ঋণ পরিষেবা দেয় তাহলে তার সমস্যাহীন হস্তান্তর।
9. ক্রেডিট সংস্থাগুলির কাছে যথাযথ পরিশোধের ইতিহাস রিপোর্ট করা।
10. আপনার পরিষেবা প্রদানকারীর কাছে আপনি যা অভিযোগ জানিয়েছেন তার জবাব।

1. নিউ ইয়র্কের স্কুলগুলি থেকে বিস্তারিত আর্থিক সাহায্য প্রদান পত্র।

আপনি যদি নিউ ইয়র্কে স্কুলে যাওয়ার জন্য আর্থিক সাহায্যের জন্য আবেদন করে থাকেন, তাহলে স্কুলগুলিকে আপনাকে একটি অভিন্ন আর্থিক সাহায্য বৃত্তি তথ্যপত্র, যাতে আপনার পরিবার ও আপনি সহজেই পড়াশোনার খরচ বুঝতে পারেন, অবগত আর্থিক সিদ্ধান্ত নিতে পারেন ও বিভিন্ন স্কুলের প্রস্তাবিত আর্থিক সাহায্যের মধ্যে তুলনা করতে পারেন। এই আর্থিক সাহায্য বৃত্তির চিঠিতে নির্দিষ্ট কিছু তথ্য থাকতে হবে, যেমন আসন্ন বছরের উপস্থিতির মোট খরচ, ডিগ্রি অর্জনের জন্য পরবর্তী বছরগুলির উপস্থিতির আনুমানিক খরচ, মোট অনুদান ও বৃত্তি, প্রত্যাশিত ঋণের পরিমাণ এবং স্কুলের গ্র্যাজুয়েশনের হার, ঋণ পরিশোধের বিচ্যুতির ক্ষেত্রে হার ও গড় শিক্ষার্থী দেনা।

2. ঋণের শর্তের স্পষ্ট, যথাযথ ও সম্পূর্ণ তথ্য।

শিক্ষার্থী ঋণ পরিষেবা প্রদানকারীরা আপনার ঋণ সংক্রান্ত কোনো তথ্য ভুলভাবে বর্ণনা করতে পারবে না বা বাদ দিতে পারবে না, যার মধ্যে পড়ে শর্তাবলী, কোনো পারিশ্রমিক বা টাকার উপস্থিতি বা তার পরিমাণ এবং সহ-স্বাক্ষরকারী রিলিজ সংক্রান্ত কোনো নীতি।

3. যে যে ঋণ পরিশোধের পরিকল্পনা ও বিকল্পগুলি আছে তা সম্বন্ধে তথ্য।

শিক্ষার্থী ঋণ পরিষেবা প্রদানকারীদের তাদের ওয়েবসাইটে স্পষ্ট করে পোস্ট করে আপনি যেগুলির জন্য যোগ্য সেই ঋণ পরিশোধের সকল তথ্য আপনাকে জানাতে হবে, নিশ্চিত করতে হবে যে তাদের গ্রাহক প্রতিনিধিরা যথাযথভাবে প্রশিক্ষিত এবং আপনাকে বার্ষিক তথ্যমূলক বিজ্ঞপ্তি মেল করতে হবে।

4. যে যে ঋণ ভারমুক্তি, ক্ষমা ও খারিজ করার প্রক্রিয়া পাওয়া যায় তার তথ্য।

শিক্ষার্থী ঋণ পরিষেবা প্রদানকারীদের তাদের ওয়েবসাইটে স্পষ্ট করে পোস্ট করে আপনি যেগুলির জন্য যোগ্য সেই ঋণ ভারমুক্তি, ক্ষমা ও খারিজ করার কর্মসূচি সংক্রান্ত সকল তথ্য আপনাকে জানাতে হবে, নিশ্চিত করতে হবে যে তাদের গ্রাহক প্রতিনিধিরা যথাযথভাবে প্রশিক্ষিত এবং আপনাকে বার্ষিক তথ্যমূলক বিজ্ঞপ্তি মেল করতে হবে।

5. **আপনার অ্যাকাউন্টে প্রযোজ্য ঋণ শোধের পদ্ধতি যা কিনা আপনার জন্য সবথেকে সুবিধাজনক।**

যদি আপনার ঋণ চুক্তিতে নির্দিষ্ট করে বলা না থাকে, তাহলে শিক্ষার্থী ও তাদের পরিবারের খরচ কমানোর জন্য শিক্ষার্থী ঋণ পরিষেবা প্রদানকারীদের আপনাদের জিজ্ঞাসা করতে হবে যে আপনি কোনো নন-কনফর্মিং পেমেন্ট আপনার ঋণ অ্যাকাউন্টে প্রয়োগ করতে চান কিনা – যা আপনার মাসিক পরিশোধনীয় অর্থের থেকে বেশি বা কম। আপনি যদি পেমেন্ট প্রয়োগ করার কোনো নির্দিষ্ট উপায় না বলে দিয়ে থাকেন তাহলে পরিষেবা প্রদানকারীদের এমনভাবে সেটি প্রয়োগ করতে হবে যা কিনা আপনার জন্য সবথেকে ভালো হয়। এর অর্থ হলো, উদাহরণ স্বরূপ, সর্বাধিক সুদের ঋণের ক্ষেত্রে ওভারপেমেন্ট প্রয়োগ করা যাতে সেটি যত তাড়াতাড়ি সম্ভব শোধ হওয়া নিশ্চিত করা যায় ও এমনভাবে আন্ডারপেমেন্ট প্রয়োগ করা যাতে দেরি করার জরিমানা ও নেতিবাচক ক্রেডিট রিপোর্টিং কম হয়।

6. **ওয়াকিবহাল গ্রাহক পরিষেবা প্রতিনিধি যারা আপনার সাথে সম্মানজনক ও নিরপেক্ষ আচরণ করেন।**

শিক্ষার্থী ঋণ পরিষেবা প্রদানকারীদের তাদের ওয়েবসাইটে স্পষ্ট করে একটি বিনা-শুল্কের নম্বর দিতে হবে, যেখানে ফোন করে আপনি সরাসরি কোনো গ্রাহক প্রতিনিধির সঙ্গে ঋণ নিয়ে আলোচনা করতে পারবেন। এই প্রতিনিধিদের সকল ঋণ পরিশোধ পরিকল্পনা বা ক্ষমা, ঋণমুক্তি বা খারিজ কর্মসূচির সুবিধা আছে তার সম্বন্ধে প্রশিক্ষিত ও ওয়াকিবহাল থাকতে হবে। কোনো শিক্ষার্থী ঋণ পরিষেবা প্রদানকারী বা তাদের প্রতিনিধি যদি কোনোরকম বেআইনি, অন্যায্য, প্রতারক, অবমাননাকর বা লুন্ঠনমূলক কাজ, যেমন ঋণগ্রহণকারী হিসাবে আপনার প্রাপ্য বিকল্পগুলি অযথাযথভাবে বর্ণনা করেন বা না জানান বা আপনাকে আপনি যার জন্য যোগ্য তা ছাড়া অন্য কোনো বেশি সময়ের ও বেশি খরচসাপেক্ষ ঋণ পরিশোধ পরিকল্পনার দিকে চালিত করা, এইধরনের কাজে জড়ান তাহলে তা নিউ ইয়র্ক স্টেট ল'এর লঙ্ঘন করা হয়।

7. **ঋণ অ্যাকাউন্টের বিস্তারিত ইতিহাস যা অনলাইনে সহজে ও নিরাপদভাবে পাওয়া যায়।**

শিক্ষার্থী ঋণ পরিষেবা প্রদানকারীদের আপনার সবকটি ঋণের স্পষ্ট ও সম্পূর্ণ রেকর্ড সবসময় ও বিনামূল্যে, অনলাইন দিয়ে রাখতে হবে। এই রেকর্ডের মধ্যে যে ঋণ পরিষেবা দেওয়া হচ্ছে তার বর্ণনা ও তার অবস্থানের রেকর্ড থাকতে হবে, এছাড়াও ঋণের সুদের হার ও বাকি থাকা জমা খরচ থাকতে হবে।

8. **যদি কোনো নতুন সংস্থা আপনাকে ঋণ পরিষেবা দেয় তাহলে তার সমস্যাহীন হস্তান্তর।**

যদি কোনো কারণে আপনার শিক্ষার্থী ঋণ একটি শিক্ষার্থী ঋণ পরিষেবা প্রদানকারীর থেকে অন্য আরটির কাছে হস্তান্তর করা হয়, তাহলে পরিষেবা প্রদানকারীদের নিশ্চিত করতে হবে যে সকল প্রাসঙ্গিক নথি সঠিকভাবে হস্তান্তর করা হয়েছে, যার মধ্যেয় ঋণের প্রমিসরি নোট, তৈরি করা পরিশোধের সময়সূচি ও আপনার সাথে হওয়া যে কোনো কথাবার্তাও থাকবে। এছাড়াও, নতুন শিক্ষার্থী ঋণ পরিষেবা প্রদানকারীকে আগের পরিষেবা প্রদানকারীর প্রস্তাবিত সকল সুবিধার সম্মান করতে হবে ও তা দিতে থাকতে হবে, যার মধ্যে সেইসব সুবিধাও পড়ে যা আপনার জন্য দেওয়া হয়েছিল কিন্তু আপনি এখনো তার যোগ্য হননি। শেষ অবধি, শিক্ষার্থী ঋণ পরিষেবা প্রদানকারীকে আপনাকে যে আপনার ঋণের যে কোনোরকম বিক্রয়, বন্টন বা হস্তান্তর সম্বন্ধে বিজ্ঞপ্তি দিতে হবে ও পরের অর্থ পরিশোধের তারিখের অন্তত সাত দিন আগে এই বিক্রয়, বন্টন বা হস্তান্তর সম্পন্ন করতে হবে।

9. **ক্রেডিট সংস্থাগুলির কাছে যথাযথ পরিশোধের ইতিহাস রিপোর্ট করা।**

শিক্ষার্থী ঋণ পরিষেবা প্রসানকারীরা শুধুমাত্র আপনার পরিশোধের পারফরমেন্সের যথাযথ তথ্যই ক্রেডিট রিপোর্টিং সংস্থাগুলিকে জানাবে।

10. **আপনার পরিষেবা প্রদানকারীর কাছে আপনি যা অভিযোগ জানিয়েছেন তার জবাব।**

আপনার, কোনো কো-সাইনার বা অনুমোদিত প্রতিনিধির জমা দেওয়া যে কোনো অভিযোগের জবাব শিক্ষার্থী ঋণ পরিষেবা প্রদানকারীকে দিতে হবে। শিক্ষার্থী ঋণ পরিষেবা প্রদানকারীকে স্বীকার করতে হবে যে তারা অভিযোগ পেয়েছে ও তারা তদন্ত করবে ও একটি নির্দিষ্ট সময়ের মধ্যে যে কোনো ভুল সংশোধন করবে। আপনি নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ফিনান্সিয়াল সার্ভিসেস এর কাছেও অভিযোগ জানাতে পারেন, যা নিশ্চিত করবে যে শিক্ষার্থী ঋণ পরিষেবা প্রদানকারী সময়ের মধ্যে অভিযোগের তদন্ত করবে ও জবাব দেবে।